গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
উল্লাপাড়া, সিরাজগঞ্জ
www.ullapara.sirajganj.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৮৮৯৪.০০৮.০১.০০১.২৪- তারিখঃ ১৫.০১.২০২৪ খ্রি.

## সরকারি পুকুর/ জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা উল্লাপাড়া উপজেলাধীন সর্বসাধারন ও মৎস্যজীবী সমবায় সমিতি সমূহের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ (সংশোধনী সহ) অনুযায়ী সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলাধীন ২০ (বিশ) একর পর্যন্ত সরকারী খাস বদ্ধ জলমহাল সমূহ শর্ত সাপেক্ষে বাংলা ১৪৩১ সনের ০১ বৈশাখ হতে ১৪৩৩ সনের ৩০ শে চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে এবং ভূমি মন্ত্রণালয়ের (সায়রাত-১ এর ০২ নভেম্বর ২০২৩ খ্রিঃ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ-১).৬৬২ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী অনলাইন প্রক্রিয়ায় জলমহাল সমূহ ইজারার আবেদন আহবান করা যাচ্ছে।

প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিকট হতে কোন (ক) বেকার যুব (খ) মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার সন্তান (গ) যুব মহিলা (ঘ) দরিদ্র ও অসচ্ছল ব্যক্তিগনের সমন্বয়ে এতদুদ্দেশ্যে গঠিত (ঙ) প্রতিবন্ধী ও সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তরের স্থানীয় অফিসে নিবন্ধিত একক সমিতির নিকট থেকে অনলাইন পদ্ধতিতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন পদ্ধতিতে দাখিলকৃত আবেদনের হার্ডকপি অনলাইন আবেদন ফরমের সাথে ও জামানতের মূলকপি/ সিডি/ বিডি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ও উপজেলা ভূমি অফিস, উল্লাপাড়া, সিরাজগঞ্জ এ দাখিল করার জন্য বলা হলো।

প্রয়োজনীয় শর্তাবলীসহ আবেদনপত্র অফিস চলাকালে নিম্ন বর্ণিত বর্ষপঞ্জিকা/ সিডিউলে ধার্য তারিখ মোতাবেক উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উল্লাপাড়া, সিরাজগঞ্জ এবং উপজেলা ভূমি অফিস, উল্লাপাড়া হতে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যে (অফেরৎযোগ্য) আবেদন ফরম সংগ্রহ করা যাবে। আবেদনপত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জের অনুকূলে সংশ্লিষ্ট জলমহালের ইজারা মূল্যের ২০% হারে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার জামানত হিসাবে সংযুক্ত করে আবেদনপত্র সমূহ নিম্ন বর্ণিত বর্ষপঞ্জিকা/ সিডিউল অনুযায়ী এ কার্যালয় এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উল্লাপাড়া, সিরাজগঞ্জে টেন্ডার বাক্সে গ্রহণ করা হবে। আবেদনপত্র সমূহ দাখিলের পরের কার্যদিবসে অফিস চলাকালে বেলা ২.৩০ মিনিটে দর দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

### ক্যালেন্ডার

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ০১ | অনলাইনে সরকারি জলমহাল ইজারার আবেদন দাখিল | ০৯ মাঘ হতে ০৩ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ পর্যন্ত |
| ০২ | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপিও জামানতের মূলকপি/সিডি/বিডি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল | ০৩ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ থেকে পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে |
| ০৩ | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই বাছাই | ১৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ এর মধ্যে |
| ০৪ | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন | ২৬ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ এর মধ্যে |

ক্যালেন্ডারের যে কোন পর্যায়ে কোন জলমহালের জন্য দাখিলকৃত আবেদন অনুমোদিত হলে পরবর্তী পর্যায়ে ঐ জলমহালের নাম তালিকা হতে বাদ হয়েছে বলে গন্য হবে। ইজারাযোগ্য জলমহালের তালিকা, তথ্যাদিসহ শর্তসমূহ নিম্ন স্বাক্ষরকারীর/ ওয়েবসাইট ও উপজেলা ভূমি অফিস, উল্লাপাড়া, সিরাজগঞ্জ হতে পাওয়া যাবে। কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ/বাতিলের অধিকার উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি সংরক্ষণ করে।

সংযুক্ত: শর্তসহ ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহালের তালিকা।

১৫.০১.২৪
(সানজিদা সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
উল্লাপাড়া, সিরাজগঞ্জ

স্মারক নং-৩১.৪৩.৮৮৯৪.০০৫.০৩.০০১.২৪- ৭৮/১ (৪৪) তারিখঃ ১৫.০১.২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতি জন্য প্রেরণ করা হলো:
১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ৬৫ সিরাজগঞ্জ-৪
২। জেলা প্রশাসক,সিরাজগঞ্জ
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),সিরাজগঞ্জ
৪। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,উল্লাপাড়া, সিরাজগঞ্জ
অনুলিপি সদয় অবগতি/ নোটিশ বোর্ডে টানানোসহ ব্যাপক প্রচারের জন্য:
১। উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া,সিরাজগঞ্জ
২-৩। অফিসার ইনচার্জ, উল্লাপাড়া/ সলঙ্গা থানা, সিরাজগঞ্জ
৪। সাব- রেজিষ্টার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ
৫-১০। উপজেলা কৃষি/ সমবায়/ মৎস্য/ সমাজসেবা/ যুবউন্নয়ন/ মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া,সিরাজগঞ্জ
১১-২৫। চেয়ারম্যান,..............................................(সকল) উল্লাপাড়া ইউপি , সিরাজগঞ্জ (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধসহ।)
২৫-৩০। জনাব ........................................................................, উল্লাপাড়া,সিরাজগঞ্জ
৩১-৪৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা.................................................. (সকল) উল্লাপাড়া, সিরাজগঞ্জ
৪৪। সম্পাদক, দৈনিক যুগের কথা পত্রিকা (তার পত্রিকায় বিজ্ঞপ্তিটি শুধুমাত্র ০১ (এক) দিনেরজন্য প্রকাশের অনুরোধসহ)

১৫.০১.২৪
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
উল্লাপাড়া, সিরাজগঞ্জ

CamScanner

## ১৪৩১-৩৩ বাংলা সনে ২০ একর পর্যন্ত ইজারাযোগ্য সরকারি পুকুর/ জলমহাল এর তালিকা

| ক্রমিক নং | পুকুরের স্থানীয় নাম | মৌজার নাম | (আরএস) খতিয়ান নং | (আরএস) দাগনং | পরিমাণ (একরে) | শ্রেণী | সরকারি মূল্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | গাড়ী ঘাট পুকুর | গাড়েশ্বর | ১ | ২৯২ | ০.৮০ | পুকুর | ৪৭,২২৫/- |
| ২ | তেলিগাড়ী পুকুর | গাড়েশ্বর | ১ | ৫৭৭ | ০.৯৮ | পুকুর | ৪৯,২৩০/- |
| ৩ | গজাইল পুকুর-২ | গজাইল | ১ | ১১৬৬ | ০.৬৫ | পুকুর | ৫,২৩৫/- |
| ৪ | বড় ভেদুরিয়া | কমলমরিচ | ১ | ৬৭৯ | ২.২৮ | পুকুর | ৮২,০৭০/- |
| ৫ | বড় পুকুর | কমলমরিচ | ১ | ৯৭০ | ১.২৮ | পুকুর | ৩১,৯৫০/- |
| ৬ | চকপাড়া পুকুর | কমলমরিচ | ১ | ৩৩৬৩ | ১.১১ | পুকুর | ৩৯.৯৫০/- |
| ৭ | কমল মরিচ পুকুর | কমলমরিচ | ১ | ৮১৬ | ১.০৯ | পুকুর | ৩৫,৫৮৫/- |
| ৮ | উধুনিয়া পুকুর-২ | উধুনিয়া | ১ | ৫০২ | ০.৪৭ | পুকুর | ২,৯৪০/- |
| ৯ | ছোট পুকুর | বগুড়া | ১ | ৩৩৪ | ১.৮২ | পুকুর | ১,৬৯,৬২৫/- |
| ১০ | সিমলা গাড়ী পুকুর-১ | বেলাই | ১ | ৪৪ | ০.৫৩ | পুকুর | ২,৩০৫/- |
| ১১ | সিমলা গাড়ী পুকুর-২ | বেলাই | ১ | ৯৩ | ০.৭৩ | পুকুর | ৩,০৯৫/- |
| ১২ | আইন্দা পুকুর -২ | বেলাই | ১ | ১৩৯ | ০.৮১ | পুকুর | ৩,৭৬৫/- |
| ১৩ | নলপুকুর | বেলাই | ১ | ১৬৭ | ০.৬৯ | পুকুর | ২,৮৭৫/- |
| ১৪ | বেলাই পুকুর-১ | বেলাই | ১ | ৬৮ | ০.৩৩ | পুকুর | ১,২০০/- |
| ১৫ | বেলাই পুকুর-২ | বেলাই | ১ | ২৫৮ | ০.৩৫ | পুকুর | ১,৩৫০/- |
| ১৬ | ফাজিল নগর পুকুর | ফাজিল নগর | ১ | ৯০৬ | ০.৯২ | পুকুর | ১২,২১৫/- |
| ১৭ | আগ দিঘল গ্রাম পুকুর-২ | আগ দিঘলগ্রাম | ১ | ৭৩০ | ০.২৩ | পুকুর | ১,০০০/- |
| ১৮ | চাদা গাড়িয়া পুকুর | পংখারুয়া | ১ | ৬৬৭ | ০.৩২ | পুকুর | ১,৪৫৫/- |
| ১৯ | চড়কাদহ পুকুর | প্রতাপ | ১ | ৩৭৯ | ১.১৩ | পুকুর | ৭,৩০০/- |
| ২০ | বামন পাড়া পুকুর | প্রতাপ | ১ | ৫০৮ | ১.৪২ | পুকুর | ১,১৪,৩১৫/- |
| ২১ | মায়ের পুকুর | প্রতাপ | ১ | ৪৩৭ | ০.৫৩ | পুকুর | ২,৪৮৫/- |
| ২২ | আওলাগাড়া পুকুর | প্রতাপ | ১ | ৮৪২ | ০.৫৪ | পুকুর | ২,৫২০/- |
| ২৩ | প্রতাপ পুকুর-১ | প্রতাপ | ১ | ২৪৫১ | ১.০৫ | পুকুর | ৭,৩৭০/- |
| ২৪ | বুধার পুকুর | প্রতাপ | ১ | ৭৮৯ | ০..৬৬ | পুকুর | ৩,০৩৫/- |
| ২৫ | বাইগার পুকুর | ধরইল | ১ | ৪৯১ | ০.৩৫ | পুকুর | ১,৫৯৫/- |
| ২৬ | খেলার পুকুর | ঘোনা | ১ | ৬৯৯ | ০.৩৮ | পুকুর | ৬,০২০/- |
| ২৭ | লোয়ার বাড়ীয় পুকুর | ঘোনা | ১ | ৩৬২ | ০.৯২ | পুকুর | ৬,১০৫/- |
| ২৮ | পচার পুকুর | ঘোনা | ১ | ৩৮ | ০.৪৬ | পুকুর | ৬,১১০/- |
| ২৯ | চক মেহেদী পুকুর | ঘোনা | ১ | ৪২৩ | ০.৪৮ | পুকুর | ৬৩৭৫/- |
| ৩০ | মোড়দহ পুকুর | মোড়দহ | ১ | ১৩৭১ | ০.৪৯ | পুকুর | ৫৬২০/- |
| ৩১ | মজুদ তলা পুকুর | চেংটিয়া | ১ | ১০২৮ | ০.৩৯ | পুকুর | ১,৩২০/- |
| ৩২ | পশ্চিম সাতবাড়িয়া পুকুর | পশ্চিম সাতবাড়িয়া | ১ | ১২০ | ০.৬৩ | পুকুর | ৭৯৭০/- |
| ৩৩ | আইন্দা পুকুর-৩ | কৈগাতী | ১ | ৩২৮ | ০.৭০ | পুকুর | ৬,০০০/- |
| ৩৪ | আইন্দা পুকুর-৫ | দক্ষিন গাইলজানী | ১ | ১১৩ | ০.৯৭ | পুকুর | ১,৪০,৭২৫-/ |
| ৩৫ | মতির পুকুর | দক্ষিন গাইলজানী | ১ | ৬৬৭ | ১.০০ | পুকুর | ১,৩০,১৩০/- |
| ৩৬ | বলাইগাড়ী পুকুর | দক্ষিন গাইলজানী | ১ | ৫০ | ০.৩৮ | পুকুর | ৪,৮৩০/- |
| ৩৭ | জগতের পুকুর | বাঙ্গালা | ১ | ৯৫৬ | ০.৭১ | পুকুর | ৫,৮৩৫/- |
| ৩৮ | নয়নদহ জলা | রহিমপুর | ১ | ১৬০,১৪৪ | ৫.৯০ | পুকুর | ৩,৩১,৮১০/- |
| ৩৯ | চড়কতলা পুকুর | সিমলা | ১ | ৬৫ | ০.৯৪ | পুকুর | ৮৪,৪৯০/- |
| ৪০ | আলীগাঁ পুকুর | আলীগাঁ | ১ | ১২৬৬ | ১.১৯ | পুকুর | ৯,৮০০/- |
| ৪১ | চকপাঙ্গাসী পুকুর-১ | চকপাঙ্গাসী | ১ | ১৬৫ | ০.৪৬ | পুকুর | ১,৫০০/- |
| ৪২ | চক খাদুলীপুকুর | চক খাদুলী | ১ | ৫৪৫ | ০.৬০ | পুকুর | ৩,০০০/- |
| ৪৩ | কালিয়াকৈড় পুকুর | কালিয়াকৈড় | ১ | ১৩৫২ | ০.৯৪ | পুকুর | ১১,৩২০/- |
| ৪৪ | দক্ষিণ বেতুয়া পুকুর | দক্ষিণবেতুয়া | ১ | ৪০০ | ০.৪৩ | পুকুর | ২,১০০/- |
| ৪৫ | দক্ষিণ মোহনপুর পুকুর | দক্ষিণ মোহনপুর | ১ | ১৮৩০ | ০.৪৯ | পুকুর | ৬,৫১০/- |
| ৪৬ | হাইতার গাড়া পুকুর | শহারিয়ারপুর | ১ | ১০৯,১১০ | ০.৬০ | পুকুর | ২,৪২০/- |

CamScanner

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৪৭ | মাটিয়াল পুকুর | শহারিয়ারপুর | ১ | ৯৩২ | 0.৪৫ | পুকুর | ২,৮৯৫/- |
| ৪৮ | ছোট পুকুর-২ | শহারিয়ারপুর | ১ | ১০৭৯ | 0.৭৬ | পুকুর | ৩,০১৫/- |
| ৪৯ | রইচা পুকুর -১ | শহারিয়ারপুর | ১ | ১১৩৯ | 0.৫৩ | পুকুর | ২,১৫০/- |
| ৫০ | চকি পুকুর | বনবাড়িয়া | ১ | ১৪৩২ | 0.৭৩ | পুকুর | ৩,০০০/- |
| ৫১ | মন্ডল বিল | বনবাড়িয়া | ১ | ১৭৩৬ | 0.৯২ | পুকুর | ৫৮,০৭৫/- |
| ৫২ | জোর পুকুর | বনবাড়িয়া | ১ | ৯১৪ | 0.৮৫ | পুকুর | ৩,৭৫০/- |
| ৫৩ | রইচা পুকুর -২ | জগজীবনপুর | ১ | ১১৬৮ | 0.৮২ | পুকুর | ৩,৩৫০/- |
| ৫৪ | বেনুর পুকুর | সলঙ্গা | ১ | ১৯০৯ | 0.৪৭ | পুকুর | ১,৫৩০/- |
| ৫৫ | বালিয়া দিঘী | মামুদপুর | ১ | ৬৭৯ | 0.৯৩ | পুকুর | ৬,৫০০/- |
| ৫৬ | গাড়া পুকুর | রৌহাদহ | ১ | ৬১৪ | .০৭২ | পুকুর | ৪,০০০/- |
| ৫৭ | গোরস্থান পুকুর | পশ্চিম রামকৃষ্ণপুর | ১ | ২৮৪ | 0.৫৮ | পুকুর | ৩,০০০/- |
| ৫৮ | শানবান্দা পুকুর | পশ্চিম রামকৃষ্ণপুর | ১ | ২৬৪ | 0.৬৮ | পুকুর | ৩,০০০/- |
| ৫৯ | আফজালের বাড়ী পুকুর | পশ্চিম রামকৃষ্ণপুর | ১ | ২৭৮ | 0.৪৪ | পুকুর | ২,০০০/- |
| ৬০ | আলীবাড়ী আইন্দা পুকুর | পশ্চিম রামকৃষ্ণপুর | ১ | ৬৮০ | 0.৩৬ | পুকুর | ১,৫০০/- |
| ৬১ | ছওয়ালমারী পুকুর | পশ্চিম রামকৃষ্ণপুর | ১ | ৮৩৪ | 0.৬৪ | পুকুর | ৭,৫০০/- |
| ৬২ | গহিরখাঁ পুকুর | সেনগাতী | ১ | ১১০৮ | 0.৫৫ | পুকুর | ৭১,০০২/- |
| ৬৩ | গাজিয়ার পুকুর | কালাসিংবাড়ী | ১ | ৪২৭ | 0.৮১ | পুকুর | ৫৪,৯৬৫/- |
| ৬৪ | আইন্দা পুকুর | কালাসিংবাড়ী | ১ | ২৩১ | ১.0১ | পুকুর | ৮৪,৪৯০/- |
| ৬৫ | দামিয়া শিববাড়ী | হাটিকুমরুল | ১ | ৮০৭ | ১.৪৩ | পুকুর | ১,১৪,৮৪৮/- |
| ৬৬ | বাওনদী খাল | বাঙ্গালা<br>চকবাঙ্গালা<br>মোড়দহ | ১ | ১০১৬<br>১১৮৩<br>১১৯৫<br>১১৯৬<br>২০০<br>৩৭৭<br>৩২১ | ৪.৫৯<br>১.৮৫<br>১.৪২<br>২.৪৬<br>১০.৩২<br>১.৮৯<br>১.৫৮<br>৩.৪৭<br>১.২০<br>মোট=১৪.৯৯ একর | পুকুর | ৮,১৭,৯৪৫/- |
| ৬৭ | ছোট আইন্দা পুকুর | পশ্চিমরামকৃষ্ণপুর | ১ | ৮৪/১৪৫ | 0.৪৫ | পুকুর | ২,০০০/- |
| ৬৮ | পাচিয়ার পুকুর | পশ্চিমরামকৃষ্ণপুর | ১ | ৫৮০/৬৫৩ | 0.৪৮ | পুকুর | ২,০০০/- |
| ৬৯ | কমলমরিচ পুকুর -৬ | কমলমরিচ | ১ | ৩৪৬১ | 0.৪৪ | পুকুর | ২,০০০/- |
| ৭০ | কমলমরিচপুকুর- ৫ | কমলমরিচ | ১ | ৬৪৫ | 0.৪৯ | পুকুর | ২,০০০/- |
| ৭১ | গজাইল পুকুর-৬ | গজাইল | ১ | ১৬১২ | 0.২১ | পুকুর | ১,০০০/- |

২৫.০৭.২০২৪
মোছাঃ খাদিজা খাতুন
পরিচিতি নং- ১৮৭৮২
সহকারী কমিশনার (ভূমি)
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

২৫.০৭.২৪
সানজিদা সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

CamScanner

# জলমহাল ইজারার শর্ত সমূহঃ

০১) নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি ক্যালেন্ডার অনুযায়ী আবেদন দাখিলের নির্ধারিত তারিখ ও সময় পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসারের কার্যালায় সহকারী কমিশনার (ভূমি) উল্লাপাড়া, সিরাজগঞ্জ এর অফিস হতে অফেরৎযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকা মুল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে আবেদন সংগ্রহ করা যাবে।

০২) ক্যালেন্ডার অনুযায়ী সংশ্লিষ্ট তারিখ ও সময়ে উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া এবং নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে আবেদনপত্র জমা দেয়া যাবে।

০৩) উপজেলা সমবায়/সমাজসেবা অফিসার কর্তৃক সমিতি কার্যকর রয়েছে মর্মে প্রত্যয়ন পত্র আবেদনের সাথে প্রদান করতে হবে। (নতুন নিবন্ধনকৃত সমিতির ক্ষেত্রে প্রযোজ্য নহে)।

০৪) সমিতির বিগত দুই বছরের অডিট রিপোর্ট আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। (নতুন নিবন্ধনকৃত সমিতির ক্ষেত্রে প্রযোজ্য নহে)।

০৫) আবেদন ফরম সংগ্রহের সময় প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির রেজিষ্ট্রেশন/তালিকাভূক্তির মূল সনদপত্র আনতে হবে। অন্যথায় আবেদন ফরম প্রদান করা যাবে না।

০৬) জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতিগুলো প্রয়োজনীয়তা যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে।

০৭) কোন নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি পাওয়া না গেলে পুকুর/জলমহালের চারপার্শ্বের নিকটবর্তী অবস্থানে বসবাসরত বেকার যুবক, মুক্তিযোদ্ধা /মুক্তিযোদ্ধার সন্তান, যুব মহিলা, বিধবা ও স্বামী পরিত্যাক্তা, আনছার ভি ডি পি ও গ্রাম পুলিশ সদস্য, দরিদ্র ও অসচ্ছল ব্যক্তির সমন্বয়ে গঠিত ও স্থানীয় সমবায় অফিস কিংবা সমাজসেবা অফিস হতে নিবন্ধিত একক সমিতিকে জলমহাল/পুকুর তিন বছর মেয়াদে ইজারা প্রদান করা যাবে।

০৮) আবেদন ফরমের সাথে ইজারা মূল্যের ২০% তপসিলি ব্যাংকের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার কমিটির আহবায়ক উপজেলা নির্বাহী অফিসার উল্লাপাড়ার অনুকূলে জামানত হিসেবে প্রদান করতে হবে।

০৯) ইজারা বিজ্ঞপ্তি যে সময়েই জারী হোক না কেন কর্যকর হবে সরকারী জলমহাল নীতিমালার আলোকে বাংলা ১৪৩১ সন হতে বাংলা ১৪৩৩ সন পর্যন্ত (প্রতি বছর ১ লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত) জলাশয় ইজারা প্রদান করা হবে এবং ইজারা প্রতি বছর সরকারী রাজস্ব ও অন্যান্য শর্ত পূরণ স্বাপেক্ষে নবায়নযোগ্য।

১০) ইজারা প্রাপ্ত মৎস্যজীবী সমবায় সমিতিকে প্রথম বৎসরের সাকুল্য ইজারা মূল্য সিদ্ধান্ত গ্রহনের ০৭ (সাত) দিনের মধ্যে সরকারের জলমহাল ও পুকুর ইজারা ০১/৪৬৩১/০০০০/১২৬১ নং কোডে জমা প্রদান করতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্তসহ দরপত্র বাতিল করা হবে।

১১) ইজারা প্রাপ্ত সমবায় সমিতিকে ইজারা মূল্যের উপর ১৫% ভ্যাট ও ১০% আয়কর জমা প্রদান করতে হবে।

১২) আবেদনপত্রের মাধ্যমে ইজারাকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ প্রদান করা যাবে না। যদি সাব লীজ দেয়া হয় তাহলে উক্ত জল মহালের ইজারা বাতিল করা হবে এবং জামানতসহ জমাকৃত ইজারামূল্য বাতিল করা হবে। এছারা ইজারা গ্রহীতা মৎস্যজীবী সমবায় সমিতি কোন জল মহালের নবায়ন মুল্য পরিশোধে ব্যর্থ হলে পরবর্তী ০৩(তিন) বছর কোন জল মহাল ইজারা সংক্রান্ত আবেদন করতে পারবে না।

১৩) তথ্য গোপন করে অথবা ভূল তথ্য প্রদান করে জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রাপ্ত হলে জামানকের অর্থ সহ জমাকৃত ইজারা মুল্য সরকারের অনুকুলে বাজেয়াপ্ত হবে।

১৪) কোন প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি দুইটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রাপ্ত হবে না।

১৫) খামের উপর জলাশয়ের নাম, মৎস্যজীবী/মৎস্যজীবী সমিতি বা সংগঠনের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। আবেদনপত্রের উপর ঘষাঘষি বা উপরিলিখন গ্রহন যোগ্য নয়।

১৬) মৎস্য চাষ বিষয়ে প্রশিক্ষনপ্রাপ্ত নিবন্ধনকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনের ক্ষেত্রে প্রয়োজনীয় সত্যায়িত কাগজপত্রাদি অবশ্যই আবেদনপত্রের সাথে সংযুক্ত করে দাখিল করতে হবে।

১৭) ইজারা গ্রহীতা জলাশয়ের অবস্থানের সীমানা পরিবর্তন বা জল মহাল সংলগ্ন পুকুরের পাড় কাটা এবং পাড়ে বৃক্ষাদি কাটাসহ কোন ক্ষতিকারক কাজ করতে পারে না। এরুপ কাজে লিপ্ত হলে জলমহাল ইজারা বাতিল করা হবে। এতে কারও কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৮) আবেদনের সহিত সমিতির ব্যাংক একাউন্ট এর প্রত্যয়ণ এবং ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট দাখিল করতে হবে।

১৯) কারিগরি প্রযুক্তি মোতাবেক মৎস্য চাষের ব্যবস্থা করতে হবে।

২০) প্রকৃত মৎস্য জীবী বা মৎস্যজীবী সংগঠন বলতে সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ কর্তৃক প্রদত্ত সংজ্ঞায় যা বলা হয়েছে, তা বুঝাবে। অর্থাৎ মৎস্যজীবী নির্ধারনে "জাল যার জলা তার" এই নীতির বাস্তবায়ন করা হবে।

২১) সর্বোচ্চ দরদাতার আবেদনপত্র গ্রহন/অনুমোদন করতে কর্তৃপক্ষ বাধ্য নহে। কোন কারন দর্শানো ব্যতিরেকেই কোন আবেদনপত্র এই ইজারা বিজ্ঞপ্তি গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৫.০২.২০২৪

সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ও
সহকারী কমিশনার (ভূমি)
উল্লাপাড়া, সিরাজগঞ্জ

CS CamScanner